

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

স্মারক নং ৮০.৩০১.(গোপনীয়)/২০১৫/১৮

তারিখ : ০৫.০২.২০১৫।

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)"/উপজেলা সহকারী প্রকৌশলী”, যোগাযোগ মন্ত্রণালয়ের (বর্তমান সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়) অধীন রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি আর টি এ)-এর “সহকারী পরিচালক (ইঞ্জিঃ)” এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তরের “সহকারী স্থপতি” (১ম শ্রেণী) এর পদে স্থগিতকৃত প্রার্থীদের ফলাফল প্রকাশ।

স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)"/উপজেলা সহকারী প্রকৌশলী”, যোগাযোগ মন্ত্রণালয়ের (বর্তমান সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়) অধীন রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি আর টি এ)-এর “সহকারী পরিচালক (ইঞ্জিঃ)” এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তরের “সহকারী স্থপতি” পদে নিয়োগের জন্য ২৩.১১.২০১৪ তারিখের ৮০.৩০১.(গোপনীয়)/২০১৪/২১১ নং বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাটজনিত কারণে স্থগিতকৃত প্রার্থীদের বিষয়ে অধিকতর যাচাই বাছাই এর জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠিত হয়। তদন্ত কমিটি প্রার্থীর বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি যাচাই বাছাই শেষে তদন্ত প্রতিবেদন জমা দেয়। সে প্রেক্ষিতে নিম্নে উল্লেখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীদেরকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্বাচন করা হয়েছে :


ক. স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)"/উপজেলা সহকারী প্রকৌশলী” (১ম শ্রেণী) :
রেজিঃ নং ০০০০৬৭, ০০০০৯৬ এবং ০০০০৭১ = ০৩ জন।

খ. যোগাযোগ মন্ত্রণালয়ের (বর্তমান সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়) অধীন রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি আর টি এ)-এর “সহকারী পরিচালক (ইঞ্জিঃ)” (১ম শ্রেণী):
রেজিঃ নং ০০০০৩৫ = ০১ জন।

গ. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তরের “সহকারী স্থপতি” (১ম শ্রেণী):
রেজিঃ নং ০০০০১২ = ০১ জন।

২. সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে যে কোন সময়ে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতি, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা, উপজাতি এবং প্রতিবন্ধী কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের জন্য প্রযোজ্য মুক্তিযোদ্ধা সনদ/উপজাতীয় সনদ/প্রতিবন্ধী সনদ ইত্যাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


(শেখ শাহাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)